'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2024

## SEC1-P1-BENGALI

## বাংলা ব্যাকরণের মূলসূত্র

**NEW & RE-REVISED SYLLABUS**

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর লেখোঃ ৩×৪ = ১২

(ক) ODBL গ্রন্থটির সম্পূর্ণ নাম লেখো। এটি কার লেখা, কী বিষয়ের গ্রন্থ ?

(খ) রামমোহন রায় কোন কোন ভাষায় বাংলা ব্যাকরণ রচনা করেছিলেন ? তাঁর রচিত যে-কোনো একটি ব্যাকরণ গ্রন্থের নাম লেখো।

(গ) লিঙ্গ বলতে কী বোঝায় ? বাংলা ভাষায় লিঙ্গ কত প্রকার ও কী কী ?

(ঘ) বচন কাকে বলে ? বাংলায় বচন কত প্রকার ?

(ঙ) অনুসর্গ কাকে বলে ? বাক্যে ব্যবহার করে দুটি অনুসর্গের উদাহরণ দাও।

(চ) সংস্কৃত উপসর্গ কটি ? এর মধ্যে বাংলা ভাষায় ব্যবহৃত হয় এমন চারটি উপসর্গ উল্লেখ করো।

২। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর লেখোঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা ব্যাকরণ চর্চায় উইলিয়াম কেরির অবদান আলোচনা করো।

(খ) সর্বনাম পদের সংজ্ঞা দাও। দুটি সর্বনাম পদের পরিচয় উদাহরণসহ আলোচনা করো।

(গ) বিশেষণ পদের সংজ্ঞা দাও। উদাহরণসহ যে-কোনো চার প্রকার বিশেষণের পরিচয় দাও।

(ঘ) বাংলা ব্যাকরণ চর্চায় সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের অবদান বিচার করো।

(ঙ) গঠনগত দিক থেকে বাংলা বাক্য কত প্রকার ও কী কী ? প্রতিটির উদাহরণ দাও।

(চ) সাধু থেকে চলিত রীতিতে রূপান্তর করোঃ

এতক্ষণ ছিদাম কিংকর্তব্য কিছুই ভাবিয়া উঠিতে পারে নাই। নানা অসম্ভব গল্প তাহার মাথায় উঠিতেছিল। আপাতত স্থির করিয়াছিল, রাত্রি কিঞ্চিৎ অধিক হইলে মৃতদেহ কোথাও সরাইয়া ফেলিবে। ইতিমধ্যে যে চক্রবর্তী আসিয়া উপস্থিত হইবে এ সে মনেও করে নাই। ফস করিয়া কোনো উত্তর জোগাইল না। বলিয়া ফেলিল, 'হাঁ, আজ খুব ঝগড়া হইয়া গিয়াছে।'

৩। যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর লেখোঃ ১২×২ = ২৪

(ক) বিশেষ্য পদ কাকে বলে ? উদাহরণসহ এই পদের প্রকারগুলির পরিচয় দাও।

(খ) সাধু ও চলিত বাংলা বলতে কী বোঝায় ? উদাহরণসহ সাধু ও চলিত বাংলার পার্থক্যগুলি উল্লেখ করো।

(গ) বাংলা ব্যাকরণ চর্চায় রবীন্দ্রনাথ ঠাকুরের ভূমিকা বিচার করো।

(ঘ) ব্যাকরণে পুরুষ কাকে বলে ? বাংলা ভাষায় পুরুষ কত প্রকার ও কী কী ? প্রত্যেক পুরুষের উদাহরণ দাও।

——×——



Maynaguri College Library